JAN. 0 1 2001

দৈনিক সংবাদ

# সার্ক ঃ বরফ গলতে শুরু করেছে

মনির হোসেন ॥ দীর্ঘদিন স্থবির হয়ে থাকার পর দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক)-এর কর্মকাণ্ডে বরফ গলতে শুরু করেছে। আগামী তিন মাসের মধ্যে সার্কের ৬টি কারিগরি কমিটির বৈঠক এবং সার্ক বাণিজ্য মেলা হবে। এর ফলে দেখা দিয়েছে এ বছর সার্ক শীর্ষ সম্মেলন হওয়ার সম্ভাবনা। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে একথা জানা গেছে।

উল্লেখ্য, গত ১৯৯৯ সালের নভেম্বর মাসে নেপালের রাজধানী কাঠমণ্ডুতে সার্ক শীর্ষ সম্মেলন হওয়ার কথা ছিল। কিন্তু পাকিস্তানে নির্বাচিত সরকারকে উৎখাত করে জেনারেল পারভেজ মোশাররফ ক্ষমতা দখল করার পর ভারত সার্ক শীর্ষ সম্মেলনে যোগ দিতে অস্বীকৃতি জানায়। তারা সার্ক শীর্ষ সম্মেলনে পাকিস্তানের সেনাশাসকদের প্রতিনিধিত্বের বিরোধিতা করে। সার্ক সনদ অনুসারে এর কোন একটি সদস্য দেশ শীর্ষ সম্মেলনে যোগ না দিলে শীর্ষ সম্মেলন আয়োজন করা যায় না। ফলে নেপালের নির্ধারিত সার্ক শীর্ষ সম্মেলন অনির্দিষ্টকালের জন্য স্থগিত হয়ে যায়।

-পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সার্ক

সার্ক ঃ পৃঃ ২ কঃ ২

## সার্ক ঃ বরফ গলছে

(১ম পৃষ্ঠার পর)

শীর্ষ সম্মেলন স্থগিতের পর সংস্থাটির অন্যান্য কর্মকাণ্ডও প্রায় বন্ধ হয়ে যায়। এ পরিস্থিতিতে বাংলাদেশ সার্কের বর্তমান চেয়ারম্যান শ্রীলঙ্কা এবং শীর্ষ সম্মেলনের আয়োজক নেপাল শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের জন্য ভারতকে রাজি করানোর চেষ্টা চালায়। তবে ভারত কিছুতেই রাজি হয়নি।

পরে কলাম্বিয়ার কার্তাহেনায় অনুষ্ঠিত জোটনিরপেক্ষ আন্দোলনের সদস্য দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলন এবং কিউবার হাভানায় অনুষ্ঠিত দক্ষিণ-দক্ষিণ সম্মেলনে অংশগ্রহণকারী সার্ক দেশের পররাষ্ট্রমন্ত্রিগণ সংস্থার ভবিষ্যৎ নিয়ে আলোচনা করেন। এ সময় বাংলাদেশ, শ্রীলঙ্কা ও নেপালের পক্ষ থেকে সার্কের শীর্ষ সম্মেলন ছাড়া বাকি সকল পর্যায়ের কর্মকাণ্ড শুরুর প্রস্তাব দেয়া হয়। কিন্তু ভারত এতে রাজি হয়নি। তবে তারা শীর্ষ সম্মেলন মন্ত্রী পর্যায়ের বৈঠক এবং সচিব পর্যায়ের স্ট্যান্ডিং কমিটির বৈঠক ছাড়া অন্যান্য পর্যায়ের বৈঠক ও কার্যক্রম শুরু করতে রাজি হয়।

এরই পরিপ্রেক্ষিতে গত বছর শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে সার্ক দেশগুলোর উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের এক বৈঠক হয়। এতে সার্কের ৭টি কারিগরি কমিটির বিশেষজ্ঞ পর্যায়ের বৈঠক করার সিদ্ধান্ত নেয়া হয়। এ সিদ্ধান্ত অনুসারে গত বছরই আগস্ট মাসে অনুষ্ঠিত হয় কৃষি ও পল্লী উন্নয়ন সংক্রান্ত সার্ক কারিগরি কমিটির বৈঠক।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, চলতি জানুয়ারি হতে মার্চ মাসের মধ্যে বাকি ৬টি কারিগরি কমিটির বৈঠকের সময়সূচি চূড়ান্ত করা হয়েছে। এর মধ্যে পরিবহন ও যোগাযোগ সংক্রান্ত কারিগরি কমিটির বৈঠক হবে এ মাসের ৫ ও ৬ তারিখে পাকিস্তানের করাচিতে।

এছাড়া চলতি জানুয়ারি মাসেই নেপালের রাজধানী কাঠমণ্ডুতে হবে সাপটা (সাউথ এশিয়ান প্রেফারেন্সিয়াল ট্রেড এগ্রিমেন্ট) চতুর্থ রাউন্ডের প্রথম বৈঠক, সাফটা (সাউথ এশিয়ান ফ্রি ট্রেড এগ্রিমেন্ট)-এর বিশেষজ্ঞ কমিটির দ্বিতীয় বৈঠক হবে কাঠমণ্ডুতে এবং দু বছর বন্ধ থাকার পর আগামী মার্চ মাসে পাকিস্তানের করাচিতে হবে সার্ক বাণিজ্য মেলা।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে আরো জানা গেছে, অতিসম্প্রতি সার্কের কর্মকাণ্ডে গতিশীলতা আনার পথে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। শ্রীলঙ্কার পররাষ্ট্রমন্ত্রী ভারত সফরের সময় ভারত সার্কের সদস্য দেশগুলোর সচিব পর্যায়ের স্ট্যান্ডিং কমিটির বৈঠক করার বিষয়ে সম্মতি দিয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্ক বিষয়ক ডেস্কের এক কর্মকর্তা জানান, ইদানীং ভারত ও পাকিস্তানের মধ্যে কাশ্মির নিয়ে উত্তেজনা বেশ স্তিমিত হয়েছে বলেই মনে হচ্ছে। এমন পরিস্থিতি অব্যাহত থাকলে এ বছর সার্ক শীর্ষ সম্মেলন আয়োজন করা সম্ভব হতে পারে বলে তিনি মত প্রকাশ করেন।